নম্বর 202.16

নির্বাহী আদেশ

দুর্যোগকালীন পরিস্থিতির জরুরি অবস্থা সংক্রান্ত অব্যাহত আইনের সাময়িক স্থগিতাদেশ ও পরিবর্তন

যেখানে, 7 মার্চ 2020 তারিখে আমি - স্টেটের সর্বত্র সমস্ত কাউন্টিগুলিতে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি;

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিবদ্ধ করা হয়েছে এবং আরো অব্যাহত হতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

উপরন্তু এখনই, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো নিউ ইয়র্ক স্টেটের গর্ভনর যেকোনো সংস্থার কোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা নিয়ন্ত্রণ, অথবা এর অংশগুলির সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করার জন্য স্টেটের দুর্যোগপূর্ণ জরুরি অবস্থা, যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা আইন মেনে চলা দুর্যোগের জরুরি অবস্থা মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপকে বাধা দেয় বা বিলম্ব করে বা এই জাতীয় দুর্যোগ মোকাবেলায় সাহায্য বা সহায়তা করার প্রয়োজন হয়, তবে আমি কার্যনির্বাহী আইনের ধারা 29-a এর অনুচ্ছেদ 2-B অনুযায়ী আমার উপর ন্যস্ত ক্ষমতাবলে, 12 মে 2020 পর্যন্ত নিম্নোক্ত আইনগুলি সাময়িকভাবে স্থগিত করছি:

- শিক্ষা আইনের (Education Law) সেকশন 8602 এবং 8603 এবং NYCRR এর টাইটেল 10 এর সেকশন 58-1.5 সেই পরিসর অবধি পরিবর্তন বা সংশোধন করা যা প্রয়োজন COVID-19 এ আক্রান্ত বলে মনে করা ব্যক্তিদের থেকে সংগৃহীত নমুনায় SARS-CoV-2 বা তার অ্যান্টিবডি সনাক্তকরণের জন্য ব্যক্তিকে পরীক্ষা করার অনুমতি দেওয়ার জন্য; পরীক্ষা সম্পাদনকারী ব্যক্তি ফুড অ্যান্ড ড্রাগ অ্যান্টিবডি সনাক্তকরণের জন্য ব্যক্তিকে পরীক্ষাডমিনিস্ট্রেশন (Food and Drug Administration, FDA) বা নিউ ইয়র্ক স্বাস্থ্য দপ্তর (New York State Department of Health) দ্বারা অনুমোদিত পরীক্ষা বা ডিভাইসের জন্য উপযুক্ত কর্মীদের প্রয়োজনীয়তাগুলি পূরণ করতে হবে;

- প্রকৃত সম্পত্তি ও কার্যবিধি আইনের (Real Property and Proceedings Law) সেকশন 711, প্রকৃত সম্পত্তি আইনের (Real Property Law) সেকশন 232-a এবং একাধিক আবাস আইনের (Multiple Dwelling Law) সেকশন 4 এর সাবডিভিশন 8 এবং 9 এবং অন্য কোন আইন বা প্রবিধান স্থগিত করা হয়েছে এবং পরিবর্তন করা হয়েছে সেই পরিসর অবধি যা অন্যথায় একটি বাড়িওয়ালা-ভাড়াটে সম্পর্ক তৈরি করবে COVID-19 এর প্রতিক্রিয়া নিয়ে সহায়তা করছে এমন কোন ব্যক্তি বা কোন ব্যক্তি যিনি COVID-19 এর জন্য স্থানচ্যুত হয়েছেন, এবং কোন ব্যক্তি বা সত্বা, যার অন্তর্ভুক্ত কিন্তু তাতেই সীমাবদ্ধ নয়, কোন হোটেলের মালিক, হাস্পতাল, অলাভজনক আবাসন প্রদানকারী, হাসপাতাল অথবা অন্য কোন সাময়িক আবাসন প্রদানকারী যিনি ত্রিশ দিন বা তার বেশি সাময়িক আবাসন প্রদান করেন শুধু COVID-19 এর প্রতিক্রিয়ায় সহায়তা করার জন্য;

উপরন্তু, দুর্যোগ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দুর্যোগ জরুরি সময় কোনো নির্দেশ জারি করার জন্য নির্বাহী আইনের 29-a সেকশনের অনুচ্ছেদ 2-B এর ধারা অনুযায়ী আমার উপর ন্যস্ত কর্তৃপক্ষের ক্ষমতা দ্বারা, আমি এই নির্বাহী আদেশের তারিখ থেকে 12 মে 2020 সময়কালের জন্য নিম্নলিখিত নির্দেশগুলি ইস্যু করি:

- নিউ ইয়র্ক সিটি আইন বিভাগ (New York City Department of Law), সাশ্রয়ী মূল্যের আবাসন এবং গৃহহীন আশ্রয়ের জন্য প্রয়োজনীয় প্রকল্পের ক্ষেত্রে এই নির্বাহী আদেশের সময়কালে নো-অ্যাকশন বা নো-ফাইলিং আবেদনের জন্য নো-অ্যাকশন বা নো-ফাইলিং চিঠি জারি করবে জমা দেওয়ার 45 দিনের মধ্যে। আইন বিভাগ কর্তৃক প্রদত্ত প্রতিটি আবেদনের জন্য, যা আবেদনকারীকে জনস্বার্থ বা জন তহবিল চাইবার অনুমতি দেয় একটি অফারিং স্টেটমেন্ট অথবা একটি। নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ ফিন্যান্স (New York City Department of Finance) হাসপাতাল বা স্বাস্থ্য পরিষেবার সুবিধা, সাশ্রয়ী মূল্যের হাউজিং, এবং গৃহহীন আশ্রয়ের সাথে জড়িত প্রয়োজনীয় প্রকল্পের জন্য কন্ডোমিনিয়াম ডিক্লেরেশন ঘোষণা প্রক্রিয়াকরণ করবে এবং নথিভুক্ত করবে তেমন ফাইলিং প্রাপ্তির 30 দিনের মধ্যে।

- যে কোন রাজনৈতিক দল, রাজনৈতিক দলের কতৃপক্ষ বা রাজনৈতিক দলের কর্মকর্তা, যার যে কোন আইন অনুসারে কোন একটি ককাস নির্ধারন করা আছে বা তা 2020 সালের এপ্রিল বা মে মাসে অনুষ্ঠিত হতে পারে, তা 01 জুন 2020 পর্যন্ত স্থগিত করা হবে, কোন অনিষ্টের উদ্দেশ্য ছাড়া, কিন্তু সেরকম ককাস অব্যাহত থাকতে পারে যদি তা দূরবর্তীভাবে অনুষ্ঠিত হয় টেলিফোন কনফারেন্স, ভিডিও কনফারেন্স, এবং/অথবা অনুরুপ পরিষেবা ব্যবহার করে, এবং কোন পক্ষকে এই ধরনের নোটিশ জারি সন্তুষ্টজনক বলে ধরা হবে যদি দূরবর্তী অংশগ্রহণ বিষয়ে সুনির্দিষ্ট তথ্য তাতে থাকে এবং তা নির্বাচন বোর্ডের ক্লার্কের কাছে ককাস দিবসের পাঁচ দিন আগে দাখিল করা হয় এবং এই গ্রামের মধ্যে সংবাদপত্রে প্রকাশিত হয়, অথবা দলের ওয়েবসাইটে প্রকাশিত হয়, অথবা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে পূর্বের কোন ককাস অংশগ্রহণকারীর কাছে পাঠানো হয় যার জন্য পার্টির একটি ইমেল অ্যাডরেস আছে।

- সমস্ত অপরিহার্য ব্যবসা বা সত্বার জন্য, কর্মক্ষেত্রে উপস্থিত যে কোন কর্মীকে মুখের আবরণ প্রদান করা হবে এবং তা পরতে হবে যখন তারা গ্রাহক বা জনসাধারণের সদস্যদের সাথে সরাসরি যোগাযোগ করবেন। ব্যবসাগুলিকে তাদের খরচে, তাদের কর্মীদের জন্য এই ধরনের মুখের আবরণ প্রদান করতে হবে। এই বিধান স্থানীয় সরকার বা স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থার দ্বারা কার্যকর করা হতে পারে যদি তা জনস্বাস্থ্য আইনের 12 বা 12-b ধারার অধীনে হয়। এই প্রয়োজনীয়তাটি কার্যকর হবে বুধবার, এপ্রিল 15, রাত 8টায় থেকে।

আমার স্বহস্তে এবং অ্যালবেনি স্টেটের প্রিভি সীল সহ

দুই হাজার বিশ সালের এপ্রিল মাসের

দ্বাদশতম দিনে এটি প্রদান করা হল।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব